# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন /
查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen /
이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /
Перевод документа на русский язык / یہ دستاویز اردو میں ملاحظہ کریں

schools.nyc.gov/messagesforfamilies

## 27 সেপ্টেম্বর, 2021-এর সপ্তাহ

স্কুলে পুনরায় ফিরে আসার উদ্দীপ্ত ও আনন্দময় প্রথম দুই সপ্তাহের পর, শিক্ষার্থী, স্টাফ, ও পরিবারেরা আমাদের নতুন রুটিনে খাপ খাইয়ে নেয়া শুরু করেছে এবং সম্মুখ সম্পর্কসমূহ পুনরায় স্থাপন করছি যা আমরা ভীষণভাবে মিস্ করেছি। উদ্দীপনার এই সময়টি একই সাথে ব্যস্ত সময়! DOE পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্যের মাধ্যমে আপনার ছেলেমেয়েদের নিরাপদ রাখুন এবং তাদের শিক্ষায়তনিক সফলতায় সহায়তা করুন, এবং সর্বসাম্প্রতিক তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট: schools.nyc.gov/homecoming দেখুন

## বিষয়সূচি:


- কোভিড-19 (COVID-19) সংক্রান্ত স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতির গুরুত্বপূর্ণ হালনাগদকৃত তথ্য
- শিক্ষায়তনিক সফলতায় সহায়তা


## কোভিড-19 (COVID-19) সংক্রান্ত স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতির গুরুত্বপূর্ণ হালনাগদকৃত তথ্য

### কোয়ারেন্টাইন এবং ক্লাসরুম বন্ধ করা

**সোমবার, 27 সেপ্টেম্বর** তারিখ থেকে, সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এর পথনির্দেশনা অনুযায়ী, ক্লাসরুমে কোনও পজিটিভ কেস পাওয়া গেলে আমরা পুরো ক্লাসরুম বন্ধ করবো না।
CDC-এর পথনির্দেশনা অনুযায়ী যেসব ভ্যাকসিন-বিহীন শিক্ষার্থী মাস্ক পরছে এবং পরীক্ষায় পজিটিভ এসেছে এমন কোনও শিক্ষার্থী থেকে কমপক্ষে তিন ফুট দূরত্বে অবস্থান করেছে, তাদের "কাছাকাছি এসেছে" (ক্লোজ কন্টাক্ট) হিসেবে বিবেচনা করা হবে না এবং তাকে কোয়ারেন্টাইন করতে হবে না। এই নতুন নীতি সকল গ্রেডের সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

2021–22 শিক্ষা বছরের জন্য, NYC পাবলিক স্কুল সংক্রান্ত অতিরিক্ত তথ্য এবং সেগুলোতে স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতির সর্বসাম্প্রতিক তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/2021health দেখুন।

### স্কুলের অভ্যন্তরে কোভিড-19 (COVID-19) পরীক্ষণ বা টেস্টিং

**সোমবার, 27 সেপ্টেম্বর** তারিখ থেকে, 1-12 গ্রেডের যেসব শিক্ষার্থী ভ্যাকসিন তথা টিকা দেয়নি (আনভ্যাকসিনেটেড), DOE প্রতি দুই সপ্তাহের পরিবর্তে প্রতি **সপ্তাহে** সকল এলেমেন্টারি, মিডল্ এবং হাই স্কুলগুলোতে তাদের কোভিড-19 (COVID-19) পরীক্ষা (টেস্টিং) করা বৃদ্ধি করবে।



T&I 33199 NYC DOE Family Update Week of September 27 2021 (Bangla)

আমাদের স্কুলগুলোতে সকলকে নিরাপদ রাখার জন্য পরীক্ষা বা টেস্টিং করা অপরিহার্য, এবং সকল শিক্ষার্থীর অংশগ্রহণ করা আবশ্যক।

**আমরা শুধুমাত্র সেসব শিক্ষার্থীদের পরীক্ষা বা টেস্ট করি যাদের পিতামাতা সম্মতি দিয়েছেন, এবং সকল পিতামাতাদের তাদের স্কুলে 2021–22 শিক্ষা বছরের জন্য একটি হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্ট করতে দেয়ার সম্মতির ফর্ম জমা দিতে আমরা জোর উৎসাহ দিচ্ছি।** আপনি এখনও আপনার সম্মতি জমা না দিয়ে থাকলে তা জমা দিতে পারবেন নিচে দেয়া দুইটির যেকোনো একটি উপায়ে:

- আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA): schoolsaccount.nyc ব্যবহার করে ফর্মটি পূরণ করতে পারেন, অথবা
- ফর্মটি schools.nyc.gov/covidtesting ওয়েবপেজ থেকে ডাউনলোড করে এবং পুরণ করা ফর্মটি আপনার সন্তানের স্কুলে জমা দিতে পারেন।

## টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন)

NYC ভ্যাকসিন কমান্ড সেন্টার এবং ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর সাথে অংশীদারিত্বে, সকল স্কুলে অবস্থিত টিকা কেন্দ্রগুলো 12 বছর বা অধিক বয়সী যোগ্য শিক্ষার্থীদের 4-8 অক্টোবরের সপ্তাহে ফাইজার-বায়োনটেক (Pfizer-BioNTech)-এর টিকা বা ভ্যাকসিন অফার করছে (এবং অক্টোবরের শুরুর দিকে দ্বিতীয় ডোজ প্রদান করা হবে)। **যদি আপনার সন্তান স্কুলের প্রথম সপ্তাহে কোনও স্কুলের টিকা কেন্দ্রে কোভিড-19 (COVID-19) টিকার প্রথম ডোজটি গ্রহণ করে থাকে,** তবে সে অক্টোবরের প্রথম সপ্তাহে এই কেন্দ্রগুলো থেকে তার দ্বিতীয় ডোজটি গ্রহণ করতে পারবে। এছাড়াও, এই সময় এই কেন্দ্রগুলো থেকে যেকোনো ব্যক্তি তার টিকার প্রথম ডোজ গ্রহণ করতে পারবে। যেসব ব্যক্তি কোনও স্কুলের টিকা কেন্দ্র থেকে অক্টোবরে তাদের ভ্যাকসিন বা টিকার প্রথম ডোজ গ্রহণ করবে, তাদের দ্বিতীয় ডোজের জন্য কোনও স্থানীয় পরিষেবা প্রদানকারীর কাছে সুপারিশ করা হবে।

**এই টিকা কেন্দ্রগুলোতে কোনও অ্যাপয়েন্টমেন্ট প্রয়োজন নেই।** টিকা কেন্দ্রের সময়সূচি সম্পর্কে আপনি আপনার স্কুল থেকে কিংবা schools.nyc.gov/covid19 সাইটে আরও জানতে পারবেন।

কোভিড-19 (COVID-19) থেকে আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষিত রাখতে টিকাদান বা ভ্যাকসিনেশন হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এবং 12 এবং অধিক বয়সী সকল নিউ ইয়র্কবাসী এই কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন গ্রহণের যোগ্য। 12 এবং এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থীরা, যারা উচ্চ-ঝুঁকিপূর্ণ পাঠ্যক্রম বহির্ভূত স্পোর্টস্ এবং কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে, তাদের 2021-22 শিক্ষা বছর সেসব কার্যক্রমে অংশগ্রহণ করতে হলে টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) বাধ্যতামূলক। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট: schools.nyc.gov/2021health দেখুন

যদি আপনার ন্যূনতম 12 বছর বয়সী কোনো সন্তান থেকে থাকে যে টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তাহলে DOHMH এবং DOE আপনাকে vaccinefinder.nyc.gov -ওয়েবসাইটে যত শীঘ্রই সম্ভব তাকে টিকা (ভ্যাকসিন) দিতে জোর উৎসাহিত করছে। DOE-এর টিকাদান বা ভ্যাকসিনেশন সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্যের জন্য, schools.nyc.gov/covid19 ভিজিট করুন।

**স্কুল দর্শনার্থীদের জন্য নিয়ম-নীতির স্মারক:** কোনও স্কুল ভবনে প্রবেশ করতে হলে, ভ্যাকসিন দেয়ার যোগ্য সকল দর্শনার্থীদের কোভিড-19 (COVID-19)-এর অন্তত এক ডোজ টিকা গ্রহণের (ভ্যাকসিনেশন) প্রমাণ দেখাতে হবে। কোনও DOE ভবনের দর্শনার্থীদের মাঝে ঐ স্কুলে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত নয়।

### ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর টিকাদান বা ভ্যাকসিনেশন পোর্টাল

আপনার সন্তানের DOE অ্যাকাউন্টের তথ্য ব্যবহার করে, আপনি আপনার সন্তানের টিকাদান বা ভ্যাকসিনেশন কার্ড কিংবা NYC এক্সেলসিয়র পাস্ (Excelsior Pass)-এর ছবি vaccine.schools.nyc -এ অবস্থিত DOE-এর ভ্যাকসিন পোর্টালে আপলোড করতে পারেন। এই তথ্য জমাদান, নিউ ইয়র্ক সিটির বিশ্বব্যাপী মহামারী মোকাবেলা এবং নিরাময় প্রচেষ্টায় সহায়তা করবে, যা স্কুল কমিউনিটিকে সুস্থ ও নিরাপদ রাখা নিশ্চিত রাখতে সহায়তা করবে।

## শিক্ষায়তনিক সফলতায় সহায়তা

### উপস্থিতি

আমরা শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্ক সিটির শ্রেণীকক্ষসমূহ পুনরায় খুলতে পেরে গর্বিত, এবং শিক্ষার্থীরা তাদের শিক্ষকবৃন্দ ও সহপাঠীদের সাথে পুনরায় মিলিত হতে পারায় আমাদের স্কুল কমিউনিটিগুলোতে বয়ে যাওয়া আনন্দের জোয়ার দেখতে আমাদের কাছে অপূর্ব লেগেছে। যখন আপনার সন্তান স্কুলে সশরীরে উপস্থিত, তখন ক্লাসরুমটিও একটি আদর্শ স্থানে পরিণত হয়। গবেষণায় দেখা গেছে যে সশরীরে অংশগ্রহণ শিক্ষার্থীদের শিক্ষা অর্জন এবং তাদের সামাজিক ও আবেগজনিত মঙ্গলে ব্যাপক অবদান রাখে। যদি আপনার সন্তান ভাল বোধ করছে, তবে অনুগ্রহ করে তার প্রতিদিন স্কুলে আসার সম্ভাব্য সকল প্রচেষ্টা নিশ্চিত করুন।

**প্রতিটি শিক্ষার্থী, প্রতিদিন**: প্রতিটি শিক্ষার্থী উপস্থিত নাকি অনুপস্থিত তা নিশ্চিত করার জন্য স্কুলগুলোকে অবশ্যই প্রতিদিন উপস্থিতি লিপিবদ্ধ করতে হবে। যদি আপনার সন্তান অনুপস্থিত থাকে, তবে আপনার স্কুল ঐ দিন ফোন কল, টেক্সট, অথবা ইমেইলের মাধ্যমে যোগাযোগ করবে। আমরা জানি যে রোজ স্কুলে হাজির হওয়া সবসময় সহজ নয়। এই যোগাযোগের মাধ্যমে, আপনার সন্তানের উপস্থিতি হওয়ায় সৃষ্ট বাধা অপসারণ করতে আমরা মূল্যবান সহায়তা প্রদান করতে পারি। সহায়তা পেতে আপনি 311 নম্বরেও ফোন করতে পারেন। আপনার সন্তানকে স্কুলে পাঠাতে 'দেরি হয়ে গেছে' বলে কিছু নেই। আপনাদের সহায়তা দিতে আমরা পাশে আছি এবং এতে আমরা সকলেই অংশীদার।

অনুগ্রহ করে আপনার স্কুল দ্বারা প্রদত্ত কাগজে মুদ্রিত **জরুরী যোগাযোগের ফর্মটি (ইমার্জেন্সি কন্টাক্ট ফর্ম)** পূরণ করে অথবা **NYC স্কুলস অ্যাকাউন্টে** আপনার তথ্য হালনাগাদ (আপডেট) করে আপনার স্কুলের সাথে আপনার সঠিক যোগাযোগের তথ্য প্রদান করুন।

আপনার স্কুলের উপস্থিতির নিয়ম-নীতি স্কুল নির্দিষ্ট দেরিতে আসা, আগে চলে যাওয়া, এবং মেক-আপ সময়ের পাশাপাশি কোনটি মার্জনীয় ও অমার্জনীয় অনুপস্থিতি তা ব্যাখ্যা করে। এছাড়াও এটা যেসব দিন কোনও শিক্ষার্থীর কোয়ারেন্টাইন করতে হবে অথবা তুষারপাতের (স্নো ডে) বাড়ি থেকে শিক্ষা গ্রহণ করবে সেসব দিনে উপস্থিতি কীভাবে লিপিবদ্ধ হবে তাও সুস্পষ্ট করবে।

সহায়তা পেতে কিংবা প্রশ্ন করতে, অনুগ্রহ করে আপনার স্কুলের প্রিন্সিপ্যাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনি attendance@schools.nyc.gov ঠিকানায় ইমেইলও করতে পারেন।

### কলেজের জন্য আর্থিক সহায়তা

আপনি জানেন কি? সিটিব্যাপী NYC পাবলিক স্কুলগুলোর (এতে অন্তর্ভুক্ত অংশগ্রহণকারী চার্টার স্কুলসমূহ) কিন্ডারগার্টেন শিক্ষার্থীর পরিবারেরা এখন সেভ ফর কলেজ প্রোগ্রামের (কলেজের জন্য সঞ্চয় কর্মসূচির) জন্য যোগ্য—তাদের আয় কিংবা অভিবাসনের অবস্থা যাই হোক না কেন।

**'NYC Kids RISE' সেভ ফর কলেজ প্রোগ্রাম (NYC কিডস্ রাইজ কলেজের জন্য সঞ্চয় কর্মসূচি)** পরিবার, স্কুল, এবং কমিউনিটিদের একত্রে কাজ করে তাদের ছেলেমেয়েদের ভবিষ্যতের জন্য সঞ্চয় ও বিনিয়োগ করার একটি উপায় প্রদান করে। প্রতিটি ছেলেমেয়েকে তাদের শিক্ষায়তনিক ভবিষ্যতের জন্য আর্থিক সম্পদ প্রদানের মাধ্যমে, এই স্কলারশীপ ও সঞ্চয় কর্মসূচিটি পাবলিক স্কুল শিক্ষার্থীদের জন্য কলেজ ও পেশাগত প্রশিক্ষণ অধিকতর লভ্য করার উদ্দেশ্যে ডিজাইন করা হয়েছে।

কর্মসূচিটি কীভাবে কাজ করে, আপনার সন্তানের জন্য এর উপকারিতা, এবং আপনার পরিবার কীভাবে অংশগ্রহণ করতে পারে সেবিষয়ে জানতে 'NYC Kids RISE' (NYC কিডস্ রাইজ)-এর সাথে একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে অংশগ্রহণ করতে আমরা আপনাকে উৎসাহিত করছি। রেজিস্টার করুন - nyckidsrise.org/events -ওয়েবসাইটে।

- বুধবার, 6 অক্টোবর, 6:00–7:30 p.m. (ইংরেজি, দোভাষী সেবা দেয়া হবে আরবী ও ম্যান্ডারিন ভাষায়)
- শুক্রবার, 8 অক্টোবর, 10:00–11:30 a.m. (স্প্যানিশ)
- মঙ্গলবার, 12 অক্টোবর, 6:00–7:30 p.m. (ইংরেজি, দোভাষী সেবা দেয়া হবে আরবী ও ম্যান্ডারিন ভাষায়)
- বুধবার, 13 অক্টোবর, 6:00–7:30 p.m. (স্প্যানিশ)
- মঙ্গলবার, 19 অক্টোবর, 10:00–11:30 a.m. (ইংরেজি, দোভাষী সেবা দেয়া হবে আরবী ও ম্যান্ডারিন ভাষায়)
- বুধবার, 20 অক্টোবর, 10:00–11:30 a.m. (স্প্যানিশ)
- সোমবার, 25 অক্টোবর, 10:00–11:30 a.m. (ইংরেজি, দোভাষী সেবা দেয়া হবে আরবী ও ম্যান্ডারিন ভাষায়)
- বুধবার, 27 অক্টোবর, 6:00–7:30 p.m. (বাংলা)
- বুধবার, 3 নভেম্বর, 10:00–11:30 a.m. (ইংরেজি, দোভাষী সেবা দেয়া হবে আরবী ও ম্যান্ডারিন ভাষায়)
- সোমবার, 8 নভেম্বর, 6:00–7:30 p.m. (স্প্যানিশ)

10-টি ভাষায় ক্যাপশন করা এই তথ্যমূলক ওয়েবিনারের একটি ভিডিও প্যারেন্ট ইউনিভার্সিটি: parentu.schools.nyc -এ লভ্য রয়েছে

## অস্থায়ী আবাসনে বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসকারী শিক্ষার্থীদের জন্য সহায়তা

যদি আপনার সন্তান বাস্তুহীনতার (হোমলেস) সম্মুখীন হয় (আর্থিক সংকটের কারণে শেল্টারে বসবাস করছে কিংবা অন্য কোনও প্রকার অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাস করছে), তবে আপনার পরিবার ও আপনার সন্তানের শিক্ষায়তনিক অগ্রগতিতে সহায়তার জন্য আপনার স্কুলের মাধ্যমে সংস্থান বা রিসোর্স লভ্য রয়েছে।

প্রতিটি স্কুল ডিস্ট্রিক্টে একটি নিবেদিত **অস্থায়ী আবাসনের শিক্ষার্থীবৃন্দের (স্টুডেন্টস্ ইন টেম্পোরারী হাউজিংয়, STH) রিজিওনাল ম্যানেজার** রয়েছেন, যিনি আপনার প্রশ্নের জবাব এবং আপনাকে DOE ও বিনা-খরচে সহায়তা প্রদানের জন্য ডিজাইনকৃত সিটির অন্যান্য এজেন্সির সাথে সংযোগ ঘটিয়ে দিতে পারেন। এগুলোতে অন্তর্ভুক্ত রয়েছে স্কুল থেকে আনা-নেয়ার জন্য পরিবহন, তালিকাভুক্তি বা এনরোলমেন্টে সহায়তা, স্কুল পরিবর্তন, এবং কর্মসূচি ও বিশেষ সুযোগসমূহ লাভ। STH রিজিওনাল ম্যানেজারগণ সরাসরি 300-এর বেশি স্কুলের পাশাপাশি- বাস্তুহীনতার (হোমলেস) সম্মুখীন পরিবারদের অনন্য চাহিদা ও শক্তিশালী দিকগুলো বোঝার জন্য বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত সোশ্যাল ওয়ার্কার সহ, শেল্টার ভিত্তিক স্টাফদের সাথে সরাসরি কাজ করেন।

অতিরিক্তভাবে, প্রতিটি স্কুলের একজন নিবেদিত **স্কুল ভিত্তিক STH লিয়াজোঁ** রয়েছে, যিনি বাস্তুহীনতার (হোমলেস) সম্মুখীন শিক্ষার্থী ও পরিবারদের তথ্য, সংস্থান বা রিসোর্স, এবং সহায়তার (বেনিফিট) সাথে সংযোগ ঘটিয়ে দেয়া নিশ্চিত করতে পারেন।

সহায়তা পেতে অনুগ্রহ করে আপনার স্কুলের গাইডেন্স কাউন্সেলর, সোশ্যাল ওয়ার্কার, অথবা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন। আরও জানতে schools.nyc.gov/sth -দেখুন।